দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 23 AUG 2017 ...
পৃষ্ঠা ... ১৪ ... কলাম ... ১ ......

# বাকৃবিতে শিক্ষার্থীদের মানববন্ধন

**বাকৃবি সংবাদদাতা ।** বাংলাদেশ কর্মকমিশনে কৃষি অর্থনীতিবিদদের জন্য আলাদা ক্যাডার সার্ভিস চালুসহ ১৪ দফা দাবিতে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে (বাকৃবি) মানববন্ধন করেছে শিক্ষার্থীরা। মঙ্গলবার দুপুর ১২টার দিকে বিশ্ববিদ্যালয়ের প্রধান সড়ক অবরোধ করে মানববন্ধন করে বিশ্ববিদ্যালয়ের কৃষি অর্থনীতি ও গ্রামীণ সমাজবিজ্ঞান অনুষদের শিক্ষার্থীরা। মানববন্ধনে বিসিএস এ কৃষি বিপণন অধিদফতরের অধীনে সহকারী পরিচালক, বিসিএস শিক্ষা ক্যাডার, পরিসংখ্যান কর্মকর্তা, বিভিন্ন সরকারী চাকরিতে অর্থনীতির পাশাপাশি, কৃষি অর্থনীতির গ্র্যাজুয়েটদের সমান অধিকার, বিভিন্ন সরকারী গবেষণা প্রতিষ্ঠানে কৃষি অর্থনীতি নামে আলাদা বিভাগ চালু করে নিয়োগ প্রদানসহ ১৪ দফা দাবি উপস্থাপন করে।